# যৌন হেনস্তায় অভিযুক্তের বদলি জেলা হাসপাতালে

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে ছাত্রীদের মানসিক ও যৌন হেনস্তায় অভিযুক্ত ফিজিওথেরাপিস্টকে বদলি করা হল। তবে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ থেকে তাঁকে শিলিগুড়ি জেলা হাসপাতালে বদলি করার ঘটনায় খুশি নন মেডিকেলের অধ্যাপক, চিকিৎসকদের একাংশ। তাঁদের বক্তব্য, অভিযুক্তকে অন্য জেলায় বদলি করা উচিত ছিল।

মেডিকেলের ফিজিকাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন (পিএমআর) বিভাগের এক ফিজিওথেরাপিস্টের বিরুদ্ধে বেশ কিছুদিন ধরেই বিভাগের মহিলা শিক্ষার্থীদের মানসিক এবং যৌন হেনস্তার অভিযোগ উঠছিল। কর্তৃপক্ষকে বারবার জানিয়েও সমস্যার সমাধান না হওয়ায় গত ১৬ এপ্রিল পিএমআর বিভাগের পড়ুয়ারা অবস্থান বিক্ষোভে বসেছিলেন। তাঁরা সেদিন সকালে হাতে প্ল্যাকার্ড নিয়ে বিভাগীয় প্রধানের অফিসের সামনে বিক্ষোভ শুরু করেন। তাঁদের অভিযোগ, ওই ফিজিওথেরাপিস্ট নিয়মিত মহিলাদের সঙ্গে অশালীন আচরণ করেন। তাঁর কথামতো না চললে কাজ করতে না দেওয়া, পরীক্ষায় ফেল করিয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়। কর্তৃপক্ষ অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিলেও কোনও কাজ হয়নি। তাই বাধ্য হয়ে তাঁদের আন্দোলনে নামতে হয়েছিল। আন্দোলনকারীদের সঙ্গে সেদিন আলোচনায় বসার পরে অভিযুক্তকে ১৫ দিনের ছুটিতে পাঠানোর কথা জানিয়েছিলেন বিভাগীয় প্রধান ডাঃ পার্থপ্রতিম পান। তার পর থেকে বিভাগের কর্মসংস্কৃতি অনেকটাই স্বাভাবিক হয়েছে।

মঙ্গলবার স্বাস্থ্য ভবন থেকে প্রতাপ নন্দীর বদলির নির্দেশিকা জারি হয়। তাঁকে শিলিগুড়ি জেলা হাসপাতালে বদলি করে সেখানকার ফিজিওথেরাপিস্ট সুতানু ঘোষালকে মেডিকেলে পাঠানো হয়েছে। এই বদলি নিয়ে আন্দোলনকারী এক ছাত্রী বলেন, 'এটা আমাদের আন্দোলনের সফলতা। এই বদলিতে আমরা খুশি। তবে, অন্য জেলায় বদলি করা হলে আরও খুশি হতাম।' যদিও মেডিকেলের চিকিৎসকদের অনেকেই এদিন বলেছেন, 'র‍্যাগিং, যৌন হেনস্তায় অভিযুক্তকে মেডিকেল থেকে ১০ কিলোমিটারের মধ্যে শিলিগুড়ি জেলা হাসপাতালে বদলি করা হল। এতেই বোঝা যাচ্ছে যে, স্বাস্থ্য দপ্তরে অভিযুক্তের কতটা প্রভাব রয়েছে।'

# লেপার্ড মারায় শাস্তি

**দার্জিলিং, ২৯ এপ্রিল :** লেপার্ড মেরে চামড়া বিক্রির উদ্দেশ্যে মজুত করায় দার্জিলিং জেলা আদালত দুই অভিযুক্তকে দু'বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিল। এরই সঙ্গে ২৫ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে আরও ছয় মাসের অতিরিক্ত সাজা ঘোষণা করা হয়েছে।

ঘটনার সূত্রপাত ২০১৯ সালের ২১ জুলাই। ওই দিন বিশেষ সূত্রে লেপার্ডের চামড়া লেনদেনের খবর পান দার্জিলিং বন্যপ্রাণ বিভাগের সিঙ্গালিলা দক্ষিণ রেঞ্জের রেঞ্জ অফিসার সঞ্জয় হিংমাং। সদলবলে ঘটনাস্থলে পৌঁছে প্রণয় সুব্বা নামে একজনকে জিজ্ঞাসাবাদ করেন তাঁরা। প্রণয় আনন্দ তামাংয়ের নাম নেয়। আনন্দকেও ডেকে জেরা করতেই দুজনে লেপার্ড হত্যার কথা স্বীকার করে। জেরায় জানায়, চার মাস আগে একটি লেপার্ডকে মেরে তার চামড়া বের করে নিয়ে দেহটি মাটিতে পুঁতে দিয়েছে। মঙ্গলবার দার্জিলিং আদালত মামলার রায় ঘোষণা করে। সরকারি আইনজীবী পঙ্কজ প্রসাদ জানান, অভিযুক্ত দুজনকেই দু'বছরের সশ্রম কারাদণ্ড ঘোষণা করা হয়েছে।



গাছের ডালে বিশ্রাম। ব্ল্যাক জায়েন্ট স্কুইরেলের ছবিটি তুলেছেন দিলীপ দে সরকার।

## গোটা তৃণমূল দল ব্যস্ত মন্দির উদ্বোধনে

# দিঘা নিয়ে প্রচার

**পাপিয়া ঘোষ**

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** অযোধ্যায় রাম মন্দির উদ্বোধনের দিন শিলিগুড়িতে উৎসবের মেজাজ দেখা গিয়েছিল। মন্দিরে মন্দিরে পুজো, শহরে র‍্যালি, মন্দির উদ্বোধনের অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের ব্যবস্থা, আমজনতার মধ্যে লাড্ডু বিলি সবকিছুই করেছিল বিজেপি। এবার পালা জগন্নাথ দেবের। রাজ্য সরকারের উদ্যোগে দিঘায় জগন্নাথ দেবের মন্দির তৈরি হয়েছে। বুধবার এই মন্দির উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই অনুষ্ঠান উপলক্ষ্যে শিলিগুড়িতেও তৃণমূল কংগ্রেসের তরফে বুধবার সকাল থেকেই বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। জায়েন্ট স্ক্রিনে মন্দির উদ্বোধনের সরাসরি সম্প্রচার, র‍্যালি, গজা, লাড্ডু বিলি সহ বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। অযোধ্যার রাম মন্দির হোক বা দিঘার জগন্নাথধামের উদ্বোধন, রাজনীতির ছোঁয়া থেকে যে কোনও কিছুই বাদ যায় না, সেটা বিলক্ষণ বোঝেন রাজ্যের মানুষ। তৃণমূলের দার্জিলিং জেলা সভানেত্রী পাপিয়া ঘোষ বলেছেন, 'বুধবার দিঘায় জগন্নাথ দেবের মন্দির উদ্বোধন উপলক্ষ্যে শিলিগুড়িতেও ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। সকাল থেকেই শহর এবং গ্রামে দলের নেতা-কর্মীরা বিভিন্ন কর্মসূচিতে শামিল হবেন।'

গত লোকসভা ভোটের আগে ২০২৪ সালের ২২ জানুয়ারি অযোধ্যায় রাম মন্দিরের উদ্বোধন উপলক্ষ্যে দেশজুড়ে হইহই পড়ে গিয়েছিল। একদিকে যখন নরেন্দ্র মোদি রাম মন্দিরের উদ্বোধন, পুজোপাঠ করছেন, গোটা দেশ উৎসবের আমেজে মেতেছিল। বাদ যায়নি শিলিগুড়িও। মন্দিরে মন্দিরে পুজোপাঠ, জায়েন্ট স্ক্রিনে মন্দির উদ্বোধনের সরাসরি সম্প্রচার, শোভাযাত্রা, আবির খেলা, সন্ধ্যায় সাংসদ রাজু বিস্টের উদ্যোগে হিন্দি হাইস্কুল ময়দানে সাংস্কৃতিক অনুষ্ঠান- কোনও কিছুই বাদ দেয়নি বিজেপি।

> বুধবার দিঘায় জগন্নাথ দেবের মন্দির উদ্বোধন উপলক্ষ্যে শিলিগুড়িতেও ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। সকাল থেকেই শহর এবং গ্রামে দলের নেতা-কর্মীরা বিভিন্ন কর্মসূচিতে শামিল হবেন।
>
> পাপিয়া ঘোষ

এবার পালা তৃণমূল কংগ্রেসের। আগামী বছর বিধানসভা ভোট। তার আগে বুধবার দিঘায় জগন্নাথধামের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী। হিন্দু ভোটব্যাংক সুরক্ষিত রাখতে তৃণমূল এই দিনটিকে কাজে লাগাতে চাইছে। তাই অন্য জেলার সঙ্গে শিলিগুড়িতেও বুধবার বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। শহরের প্রতিটি ওয়ার্ড এবং গ্রামে অনুষ্ঠানের নির্দেশ দেওয়া হয়েছে। পুরনিগমের ২৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার লক্ষ্মী পাল জানিয়েছেন, রাধাকৃষ্ণ মন্দিরে পুজো দিয়ে ওয়ার্ডের দলীয় কার্যালয়ের সামনে প্রভু জগন্নাথ দেবের প্রিয় প্রসাদ চিনিকলা, গজা সাধারণ মানুষের মধ্যে বিলি করা হবে। ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার সঞ্জয় পাঠক বলেছেন, 'ওয়ার্ডে এলইডি টিভি বসিয়ে মন্দির উদ্বোধন দেখানো হবে।' ৩৯ নম্বর ওয়ার্ডে দলের তরফে আবার হায়দরপাড়া প্রাথমিক বিদ্যালয় ময়দানে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে জানিয়েছেন ওয়ার্ড সভাপতি অজয় পাল।

অন্যদিকে, গ্রামেও প্রতিটি অঞ্চলে জায়েন্ট অথবা এলইডি স্ক্রিন বসিয়ে মন্দির উদ্বোধনের মুহূর্ত দেখানো হবে।

এদিকে, জগন্নাথ দেবের মন্দির তৈরির জন্য রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়ে শিলিগুড়িতে তৃণমূল যুব কংগ্রেস এবং ছাত্র সংগঠনের যৌথ উদ্যোগে মিছিলের আয়োজন করা হয়েছে। সংগঠনের জেলা সভাপতি নির্ণয় রায় জানিয়েছেন, মিছিলটি স্টেশন ফিডার রোড, ফ্লাইওভার, হাসমি চক, বিধান রোড, পানিট্যাঙ্কি মোড়, সেবক মোড়, হিলকার্ট রোড হয়ে হাসমি চকে এসে শেষ হবে।

# ব্রাউন সুগার বাজেয়াপ্ত

**শিলিগুড়ি ও বাগডোগরা, ২৯ এপ্রিল :** ব্রাউন সুগার পাচার করতে গিয়ে পুলিশের জালে ধরা পড়ল মোট সাতজন। এনজেপি থানার পুলিশ সোমবার গভীর রাতে মহম্মদ রাসেল ও মহম্মদ আব্বাস নামে দুজনকে গ্রেপ্তার করে। দুজনের বাড়ি ফুলবাড়িতে। স্কুটারে চেপে গঠমাবাড়ি এলাকা দিয়ে ব্রাউন সুগার পাচার করতে বের হয় দুজন। খবর পেয়ে হাতেনাতে গ্রেপ্তার করা হয় তাদের। মঙ্গলবার দুজনকে জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন বিচারক।

এদিন সন্ধ্যায় শিলিগুড়ি জংশন এলাকায় এক মহিলার পার্স থেকে ৩৯০ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়। প্রধাননগর থানার পুলিশ ওই মহিলাকে গ্রেপ্তার করেছে। ধৃতের নাম অর্চনা বিশ্বাস। সে জলপাইগুড়ির গরলবাড়ির বাসিন্দা। ধৃতকে বুধবার আদালতে তোলা হবে।

অন্যদিকে, কালিয়াচক থেকে ব্রাউন সুগার এনে হাতবদল করার আগেই পুলিশের জালে ধরা পড়ল চার মাদক কারবারি। ধৃতদের মধ্যে আবদুল মতিন বিশ্বাস এবং মাসুদ আলম কালিয়াচকের বাসিন্দা। জয়ন্ত বর্মন এবং শুভ বর্মনের বাড়ি ভারত-নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে। ধৃতদের কাছ থেকে মোট এক কেজি ব্রাউন সুগার বাজেয়াপ্ত করেছে পুলিশ। এদিন বাগডোগরা থানার পুলিশ এবং এসওজি যৌথভাবে গোঁসাইপুরে অভিযান চালিয়ে চারজনকে গ্রেপ্তার করে।

# আত্মসমর্পণ

**ফাঁসিদেওয়া, ২৯ এপ্রিল :** চোরাকারবারে বাধা পেয়ে বিএসএফের ওপর হামলা চালানোয় অভিযুক্ত দুজন শিলিগুড়ি মহকুমা আদালতে আত্মসমর্পণ করল মঙ্গলবার। হামলার ঘটনায় ইতিমধ্যে তিনজনকে গ্রেপ্তার করেছে ফাঁসিদেওয়া থানা। আরও কিছু অভিযুক্ত এখনও অধরা।

# তারে আগুন

**ইসলামপুর, ২৯ এপ্রিল :** ইসলামপুর শহরের রামকৃষ্ণপল্লি মোড়ে মঙ্গলবার বিদ্যুতের তারে আচমকা আগুন লেগে যায়। রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থার আধিকারিকরা তড়িঘড়ি এলাকায় পৌঁছান। দমকলের একটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে ওই আগুন নিয়ন্ত্রণে আনে।

# সিভিকই মাদক পাচারকারী

**নকশালবাড়ি, ২৯ এপ্রিল :** মাদক সমেত ধৃত সিভিক ভলান্টিয়ার সহ দুই তরুণ। সোমবার রাতে এসএসবি'র ৪১ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা তাদের পাকড়াও করে নকশালবাড়ি থানার হাতে তুলে দেন। অভিযুক্তরা হল শ্যামলাল সিংহ ও সহদেব বর্মন। শ্যামলাল মাল্লাবাড়ির বাসিন্দা। সে আবার নকশালবাড়ি থানায় সিভিক ভলান্টিয়ার হিসেবে কর্মরত। অন্যদিকে, সহদেবের বাড়ি কমলাজোতে। মঙ্গলবার দুজনকেই শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়। বিচারক তাদের তিনদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দিয়েছেন।

এসএসবি সূত্রে জানা গিয়েছে, সোমবার রাতে বাইকে চেপে নকশালবাড়ি থেকে পানিট্যাঙ্কির দিকে যাচ্ছিল ওই দুই তরুণ। বেঙ্গাইজোতে এশিয়ান হাইওয়ে টু-তে বাইকটি আটক করে এসএসবি। তল্লাশি চালিয়ে উদ্ধার হয় ২৩৪ গ্রাম মরফিন। পরে দুজনকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। ওই মাদকের সঙ্গে বাইক ও মোবাইল ফোনও বাজেয়াপ্ত করেছে এসএসবি।

এদিকে সূত্রের খবর, শ্যামলাল নকশালবাড়ি থানার পিসি পার্টির মূল দায়িত্বে ছিল। মাদক কারবারিদের ধরতে পুলিশ যে টিম গঠন করেছিল সেই টিমে ছিল সে। শ্যামলাল যে অবৈধ কারবারে জড়িত তা নাকি পুলিশের অনেক আধিকারিকই জানতেন। কিন্তু তা সত্ত্বেও ওই সিভিকের বিরুদ্ধে এতদিন কেন কোনও ব্যবস্থা নেওয়া হয়নি, তা নিয়ে উঠছে প্রশ্ন। আর কোন সিভিক ভলান্টিয়ার, ভিলেজ পুলিশ, হোমগার্ড এসবে যুক্ত, তা নিয়ে এখন চর্চা চলছে পুলিশ মহল্লায়।

এর আগে ২০২২ সালে নকশালবাড়ি থানার এক কনস্টেবল গোরু পাচার করতে গিয়ে এসএসবি'র হাতে ধরা পড়েছিল। বেশ কয়েক মাস আগে খড়িবাড়ি থানার এক সিভিক ভলান্টিয়ার ও পুলিশ আধিকারিকের নাম মাদক কারবারের সঙ্গে জুড়ে যাওয়ায় তাদের বরখাস্ত করা হয়েছিল। এবার নকশালবাড়ির সিভিক ভলান্টিয়ারের নাম জড়াল মাদক কারবারে।

এবিষয়ে দার্জিলিং জেলা পুলিশের এক উচ্চপদস্থ আধিকারিক জানান, এক সিভিক ধরা পড়েছে। আইন মোতাবেক সে শাস্তি পাবে।


রাত ৯টা ৪৬ মিনিটে অতিরিক্ত পুলিশ সুপার অভিষেক রাই ও ৯টা ৪৮ মিনিটে মহকুমা পুলিশ আধিকারিক নেহা জৈনকে ফোন করা হলেও তাঁরা রিসিভ করেননি। ফলে এবিষয়ে তাঁদের প্রতিক্রিয়া জানা যায়নি।

# প্রাচীর নির্মাণে নিয়ম ভাঙার অভিযোগ

**ইসলামপুর, ২৯ এপ্রিল :** পঞ্চায়েতের নিয়ম ভেঙে মাত্রাতিরিক্ত উঁচু করে চা ফ্যাক্টরির সীমানা প্রাচীর তৈরির অভিযোগ উঠেছে। ঘটনাটি ইসলামপুর গ্রাম পঞ্চায়েতের অজিতবাস কলোনির। বাসিন্দাদের অভিযোগ, উঁচু করে প্রাচীর নির্মাণের জেরে গ্রামের বহু বাড়ি ঢাকা পড়ে গিয়েছে। ঢুকছে না আলো, বাতাস। পাশাপাশি সারাদিন ধরে ফ্যাক্টরির মেশিন চালু থাকার কারণে বিকট শব্দে এবং গন্ধে বিপাকে পড়েছেন বাসিন্দারা। এবিষয়ে তাঁরা গ্রাম পঞ্চায়েত এবং বিডিওকে স্মারকলিপি দিয়েছেন। পঞ্চায়েতের পক্ষ থেকে কাজ বন্ধের নির্দেশ দেওয়া হলেও তা মানছে না ফ্যাক্টরি কর্তৃপক্ষ। মঙ্গলবার ব্লক প্রশাসনের নির্দেশে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিকদের ঘটনাস্থলে তদন্তে পাঠানো হয়। ইসলামপুরের বিডিও দীপান্বিতা বর্মন বলেন, 'অভিযোগ পেয়ে ভূমি দপ্তরের আধিকারিকদের এদিন সেখানে তদন্ত করতে পাঠানো হয়েছিল। তাঁদের রিপোর্ট খতিয়ে দেখে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।'

চা ফ্যাক্টরির মালিক পবন সোনির বক্তব্য, 'পারিবারিক অনুষ্ঠানে বাইরে আছি। সরকারি নির্দেশ মেনে সকলের কথা মাথায় রেখেই কাজ করা হবে।'





আজকের অমল।। ইসলামপুরে ছবিটি তুলেছেন আরিফ আলম।

পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

# মনোরম আবহাওয়ায় গরমের ছুটি কেন

## প্রশ্ন এবিটিএ, অভিভাবকদের

তমালিকা দে

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** গরম নয়, বরং মনোরম আবহাওয়া উত্তরবঙ্গে। এই আবহে স্কুলগুলোতে শুরু হয়েছে গরমের ছুটি। দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গের আবহাওয়া এক নয়। তবুও প্রত্যেকবছর শিক্ষা দপ্তর পাহাড় বাদে গোটা রাজ্যে একইসঙ্গে গরমের ছুটি দিচ্ছে। এবারও তার ব্যতিক্রম হয়নি। আর এ নিয়েই ফের প্রশ্ন উঠতে শুরু করেছে।

আগে মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের জন্য স্কুল ছুটি ছিল বেশ কয়েকদিন। বুধবার থেকে রাজ্যের স্কুলগুলোতে গরমের ছুটি পড়বে। মঙ্গলবার শেষদিনের মতো ক্লাস হয়েছে। অভিভাবকরা প্রশ্ন তোলেন, এত ছুটি থাকলে পড়াশোনায় ক্ষতি হবে না? এমনকি কবে স্কুল খোলা হবে সে সম্পর্কে নির্দিষ্ট কোনও বার্তা না থাকায় কটাক্ষ করতে ছাড়েনি বাম প্রভাবিত শিক্ষক সংগঠন এবিটিএ।

যদিও এ ব্যাপারে দায় এড়িয়েছেন শিলিগুড়ি শিক্ষা জেলার প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান দিলীপ রায়। তাঁর কথায়, 'পুরোটাই শিক্ষা দপ্তর থেকে ঠিক করা হয়েছে। এ ব্যাপারে আমাদের কিছু করার নেই।'

এদিকে, বাম আমলের প্রসঙ্গ টেনে বর্তমান সরকারকে বিঁধেছেন এবিটিএ দার্জিলিং জেলা সম্পাদক বিদ্যুৎ রাজগুরু। তিনি জানান, বাম আমলে গরমের ছুটির বিষয়টি স্কুল পরিচালন সমিতির হাতে থাকত। তারা প্রয়োজন অনুযায়ী ছুটি ঠিক করতে পারত। কিন্তু সরকার পরিবর্তন হতেই পাহাড় বাদে বাকি সমস্ত জেলায় একই সময়ে ছুটি রাখা হচ্ছে। বিদ্যুতের বক্তব্য, 'স্কুলগুলো এখন ছুটির স্কুলে পরিণত হয়েছে। পড়ুয়ারা জিজ্ঞেস করছে, স্কুল কবে খুলবে। কোনও উত্তর দিতে পারছি না।' তাঁর মতে, আবহাওয়া দেখে তবেই গরমের ছুটি ঠিক করা উচিত।



গরমের ছুটির আগের দিন শিলিগুড়ির একটি স্কুলের বাইরে। - সূত্রধর

আবহাওয়া দপ্তরের দেওয়া তথ্য অনুযায়ী, উত্তরবঙ্গে সাধারণত জাঁকিয়ে গরম পড়ে জুন মাস থেকে। বিদ্যুতের কটাক্ষ, 'কিন্তু সেই সময় স্কুল খোলা থাকে। কেন প্রত্যেক বছর দক্ষিণবঙ্গে গরম পড়লে উত্তরবঙ্গেও স্কুল ছুটি দেওয়া হবে?'

অত্যধিক গরমে পড়ুয়ারা যাতে অসুস্থ না হয়, সেজন্য গরমের ছুটি দেয় সরকার। কিন্তু উত্তরের বেশিরভাগ জেলায় এখনও সেভাবে গরম পড়েনি। এই সময় স্কুল চালু থাকলে পড়াশোনা অনেকটা এগিয়ে থাকত বলে মনে করছেন সুভাষপল্লির বাসিন্দা অভিভাবক মালিনী সরকার। তাঁর ছেলে শিলিগুড়ি বয়েজ হাইস্কুলের ছাত্র। স্কুল বেশিদিন বন্ধ থাকলে বাচ্চারা পড়াশোনা ভুলে যায় বলে আক্ষেপ প্রকাশ করেন তরাই তারাপদ আদর্শ প্রাথমিক বিদ্যালয়ের এক ছাত্রের মা রিয়া পাল।

গরমের ছুটি নিয়ে অভিভাবকরা যে খুশি নন, সেই ব্যাপারটা অজানা নয় শিলিগুড়ি নেতাজি বয়েজ প্রাথমিক স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক কাঞ্চন দাসের। তাঁর কথা, 'আবহাওয়া মনোরম থাকলেও সরকারি নির্দেশিকা মেনে ছুটি দেওয়া হয়েছে। পরবর্তী নির্দেশিকা এলে বোঝা যাবে স্কুল কবে খুলবে। তবে ছাত্রদের ছুটিতে অনেক প্রোজেক্ট দেওয়া হয়েছে।'

# ট্রেকিংয়ে গিয়ে নিখোঁজ তরুণ

সাগর বাগচী

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** সিকিমে ট্রেক করতে গিয়ে নিখোঁজ হয়ে যাওয়ার ৮ দিন কেটে গেলেও হদিস মিলছে না শিলিগুড়ি শহর সংলগ্ন শিবমন্দির এলাকার বাসিন্দা সন্দীপন রায়ের। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী নিখোঁজ হয়ে যাওয়ার ঘটনায় আতঙ্কের মধ্যে দিন কাটছে ওই তরুণের পরিবারের। ইতিমধ্যে সন্দীপনের খোঁজে তাঁর বাবা রাজেন্দ্রনাথ রায় কয়েকজন আত্মীয়র সঙ্গে পশ্চিম সিকিমের ইয়ুকসামে পৌঁছে গিয়েছেন।

সিকিমে একাধিক ট্রেকিং রুট রয়েছে। যার মধ্যে অন্যতম ইয়ুকসাম। গত ২১ এপ্রিল থাংসিং পৌঁছানোর আগে হঠাৎ করে সন্দীপন নিখোঁজ হয়ে যান। নিখোঁজ সংক্রান্ত বিষয়টি জানাজানি হতেই পাইন গাছের জঙ্গল ঘেরা পাহাড়ি এলাকায় ওই তরুণের খোঁজে সিকিমের বন দপ্তর, কাঞ্চনজঙ্ঘা ন্যাশনাল পার্ক কর্তৃপক্ষ, পুলিশের পাশাপাশি স্থানীয়রাও তল্লাশি চালান। কিন্তু সন্দীপনের কোনও খোঁজ মেলেনি। সন্দীপন ছাড়াও ট্রেকিং দলটিতে ছিলেন সাতজন। তাঁদের ট্রেক শুরু হয় ১৯ এপ্রিল। কিন্তু দু'দিনের মাথায় থাংসিং ক্যাম্প থেকে ১০০ মিটার দূরে সন্দীপন নিখোঁজ হয়ে যান।

ছেলের নিখোঁজের বিষয়টি নিয়ে পরিবারের সদস্যরা প্রথমে মাটিগাড়া থানায় অভিযোগ দায়ের করতে চেয়েছিলেন। কিন্তু যেহেতু সন্দীপন পশ্চিম সিকিমে নিখোঁজ হয়ে গিয়েছেন, তাই মাটিগাড়া থানার তরফে সিকিমের সংশ্লিষ্ট জেলার থানায় অভিযোগ দায়ের করার কথা বলা হয় বলে খবর। যদিও যে সংস্থা ট্রেকিংয়ের আয়োজন করেছিল, তারা গ্যালসিং থানায় সন্দীপনের নিখোঁজের অভিযোগ দায়ের করে। ব্যাংডুবির সেনা স্কুলে সন্দীপন পড়াশোনা শেষ করেছিলেন। এরপর দিল্লি বিশ্ববিদ্যালয় থেকে ভূগোল নিয়ে স্নাতক হন। পরবর্তীতে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে হিউম্যান রাইটস নিয়ে স্নাতকোত্তর হন। পড়াশোনার পাশাপাশি অ্যাডভেঞ্চার স্পোর্টস নিয়ে বরাবর সন্দীপনের আগ্রহ ছিল। ওই তরুণের বাবা অবসরপ্রাপ্ত এসএসবি জওয়ান রাজেন্দ্রনাথ। তাঁর ছেলের পড়াশোনা, ট্রেকিংয়ে কোনওদিন বাঁধা দেননি। মঙ্গলবার ফোনে রাজেন্দ্রনাথ বলেন, 'এর আগেও কয়েকবার সন্দীপন ট্রেকিংয়ে গিয়েছিল। সরকারি চাকরির জন্য প্রস্তুতি নিচ্ছিল। ২৪ এপ্রিল ফিরে আসবে বলেছিল। কিন্তু হঠাৎ করে ছেলের নিখোঁজ হয়ে যাওয়ার খবরে আমরা সকলে দুশ্চিন্তায় পড়ে যাই। এসএসবি'র একটি দল তল্লাশি অভিযান করবে। ছেলে কী অবস্থায় রয়েছে কিছুই জানি না।'



নিখোঁজ হওয়ার আগে সিকিমে সন্দীপন রায়।

যে এলাকায় সন্দীপন নিখোঁজ হয়েছেন, তা জঙ্গলে ঘেরা। জন্তুজানোয়ারের ভয় রয়েছে। যেই সংস্থা ট্রেকিং আয়োজন করেছিল, তার কর্ণধার সঞ্জীব লিম্বুর দাবি, 'থাংসিং ক্যাম্প সাইট থেকে একশো মিটার দূরে সন্দীপনকে শেষ দেখেছিলেন তাঁর সঙ্গীরা। বাকিরা ক্যাম্প সাইটে পৌঁছানোর আধ ঘণ্টা পরও সন্দীপন না ফেরায়, লাবনে ক্যাম্প সাইটে খবর দেওয়া হয়। গাইড ও অন্য কর্মীরা খোঁজ করলেও কোনও সূত্র মেলেনি।' যেখান থেকে সন্দীপন নিখোঁজ হয়েছেন, সেখানে কোনও খাদ নেই। জন্তুজানোয়ারের ভয় নেই বলেও তিনি দাবি করেন।

## টুকরো খবর

### পুলিশ হেপাজত

**চোপড়া, ২৯ এপ্রিল :** পাঁচ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে ধৃত তরুণকে মঙ্গলবার ইসলামপুর আদালতে তোলা হয়। ধৃতকে পাঁচদিনের পুলিশি হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। গত রবিবার প্রতিবেশী ওই তরুণের বিরুদ্ধে শিশুকে ধর্ষণের অভিযোগে উঠতেই রাতে অভিযুক্তকে আটক করে পুলিশ। সোমবার ওই তরুণের বিরুদ্ধে চোপড়া থানায় লিখিত অভিযোগ জমা পড়ে। ঘটনার তদন্ত চলছে।

### বহিষ্কার প্রত্যাহার

**চোপড়া, ২৯ এপ্রিল :** দলবিরোধী মন্তব্যের জেরে পঞ্চায়েত সদস্য হাসেন আলিকে হাপতিয়াগছ অঞ্চল কমিটি থেকে ছয় মাসের জন্য বহিষ্কার করে তৃণমূল। মঙ্গলবার সেই বহিষ্কারের নির্দেশ প্রত্যাহার করা হল। তৃণমূলের হাপতিয়াগছ অঞ্চল কমিটি যুগ্ম সভাপতি মহম্মদ নাসিরউদ্দিন বলছেন, দলবিরোধী মন্তব্যের কারণে ছয় মাসের জন্য বহিষ্কার করা হলেও দলীয় সিদ্ধান্তে তিন মাসের মধ্যে এদিন বহিষ্কারের নির্দেশ তুলে নেওয়া হয়েছে।

### শিক্ষকের অবসর

**চোপড়া, ২৯ এপ্রিল :** ডাঙ্গাপাড়া প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষক রিয়াজুল ইসলামকে মঙ্গলবার আনুষ্ঠানিকভাবে চাকরি জীবন থেকে অবসরের পর সংবর্ধনা জানানো হল। ২৯ বছরের চাকরি জীবনের মধ্যে ১৮ বছর এই স্কুলে শিক্ষকতা করেছেন। পড়ুয়াদের অত্যন্ত প্রিয় শিক্ষকের অবসরে মন খারাপ গোটা স্কুলের।

### মোমবাতি মিছিল

**চোপড়া, ২৯ এপ্রিল : পহলগামে জঙ্গি হামলার ঘটনায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে মঙ্গলবার ঘিরনিগাঁওয়ের লালবাজারে মোমবাতি মিছিল করল ব্লক কংগ্রেস। মিছিলে দলের ব্লক নেতৃত্বের পাশাপাশি স্থানীয় কর্মী-সমর্থকরাও শামিল হন।**

## প্রশ্নের মুখে দুই গ্রাম পঞ্চায়েত



প্রধানকে স্মারকলিপি দিতে গিয়ে বচসায় জড়ালেন কংগ্রেস কর্মীরা।

# প্রধানের মন্তব্য অসাংবিধানিক, দাবি কংগ্রেসের

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** জনপ্রতিনিধির চেয়ারে বসে অসাংবিধানিক কথা বলছেন গ্রাম পঞ্চায়েত প্রধান। এমনই অভিযোগ তুলে মঙ্গলবার বিক্ষোভ দেখাল কংগ্রেস। ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েতের প্রধান মিতালি মালাকারের বিরুদ্ধে হাত শিবিরের অভিযোগ, 'নাগরিক পরিষেবা দিতে ব্যর্থ মিতালি। তাই এখন দায় চাপাচ্ছেন অন্যদের ঘাড়ে। না পারলে দায়িত্ব ছেড়ে দিন।'

মঙ্গলবার গ্রাম পঞ্চায়েত অফিসে স্মারকলিপি জমা দিতে আসেন ডাবগ্রাম-ফুলবাড়ি ব্লক কংগ্রেসের নেতা-কর্মীরা। এরই মাঝে মিতালির একটি মন্তব্যের জেরে ক্ষেপে যায় হাত শিবির। প্রধানের সঙ্গে বাগবিতণ্ডায় জড়িয়ে পড়েন নেতা-কর্মীরা। মিতালি এবং কংগ্রেস কর্মীদের একে অপরের দিকে আঙুল উঁচিয়ে কথা বলতে দেখা যায়। ঘটনাকে কেন্দ্র করে তুমুল উত্তেজনার সৃষ্টি হয় পঞ্চায়েত অফিসে। পরে অবশ্য পরিস্থিতি স্বাভাবিক হয়ে যায়।

স্মারকলিপি দিয়ে পঞ্চায়েত অফিস থেকে বেরিয়ে কংগ্রেস নেতা তুষারকান্তি বর্মন ঘটনার ব্যাখ্যা দিতে গিয়ে বলেছেন, 'আমরা এলাকার বিভিন্ন সমস্যা নিয়ে প্রধানের কাছে স্মারকলিপি দিতে এসেছিলাম। প্রধান আমাদের প্রশ্নের জবাবে শুধুই সাফাই গাইলেন। প্রশাসনিক চেয়ারে বসে তিনি হিন্দু ঐক্য জোরদার করতে বলেন।' প্রধানের এই মন্তব্যকে সাম্প্রদায়িক এবং অসাংবিধানিক আখ্যা দিয়ে ক্ষোভ প্রকাশ করতে থাকেন কংগ্রেস কর্মীরা।

মন্তব্য প্রত্যাহারের দাবিতে প্রধানের সামনেই বিক্ষোভ দেখাতে থাকে হাত শিবির। যদিও তাঁর বক্তব্যের ভুল ব্যাখ্যা করা হয়েছে বলে দাবি মিতালির। তিনি বলেন, 'আমি বলেছি নাগরিক পরিষেবা দেওয়ার ক্ষেত্রে এবং দুর্নীতির বিরুদ্ধে ভারতের সকল নাগরিককে ঐকমত্যে আসতে হবে। আমার কথার ভুল ব্যাখ্যা করা হয়েছে।'

এদিন দুপুরে আশিঘর মোড় সংলগ্ন একটি পেট্রোল পাম্পের সামনে থেকে মিছিল করে পঞ্চায়েত অফিসে যায় কংগ্রেস। নাগরিক পরিষেবা বলে কিছু নেই বলে অভিযোগ তুলে স্লোগান দেন দলের কর্মীরা। স্মারকলিপি জমা দেওয়ার

**ডাবগ্রাম-২**

সময় দলের জলপাইগুড়ি জেলা সম্পাদক মনোজ আগরওয়ালকে বলতে শোনা যায়, 'এলাকার বহু রাস্তা ভাঙাচোরা। নিকাশিনালাগুলোর বেহাল দশা। পথবাতি নেই। বিভিন্ন এলাকায় নেশাখোরদের আসর বসছে। প্রশাসনের নজর নেই। কিছু বলতে গেলেই রাজ্য ও কেন্দ্রের শাসকদলের নেতারা একে অপরকে দেখিয়ে দায় সারছেন।'

দায়িত্ব পালন না করতে পারলে জনপ্রতিনিধিদের পদত্যাগের পরামর্শ দেন কংগ্রেস কর্মীরা। জবাবে প্রধান বলতে থাকেন, 'আমাদের পঞ্চায়েত বোর্ড শুরু থেকেই বঞ্চিত। এসবের মাঝেও সীমিত ক্ষমতা থেকে আমরা পরিষেবা দিচ্ছি।' যদিও তা মানতে চায়নি কংগ্রেস।

# তৃণমূলের কাজিয়ায় তপ্ত বোর্ড সভা

মিঠুন ভট্টাচার্য

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** গণতান্ত্রিক ব্যবস্থায় শাসকের ভুল ধরে সমালোচনার জন্য সবসময় তৎপর থাকে বিরোধীরা। ফুলবাড়ি ১ নম্বর গ্রাম পঞ্চায়েতে অবশ্য বিরোধী বিজেপিকে এমন কিছুই করতে হয় না। বিজেপি সদস্যরা শুধু নীরবতা পালন করেন। এর মূলে রয়েছে শাসক তৃণমূলের লড়াই। যা মঙ্গলবার ফের নতুন করে প্রকাশ্যে এল বোর্ড সভায় অর্থ খরচের প্রসঙ্গে। যথারীতি দুই পক্ষ পরস্পরের দিকে অভিযোগের আঙুল তুলেছে।

অতীতের মতো এদিনও গ্রাম পঞ্চায়েতটি তপ্ত হয়ে উঠল তৃণমূলের দুই গোষ্ঠীর লড়াইয়ে। এদিন গত অর্থবর্ষের আয়ব্যয়ের হিসেব পেশ করার কথা ছিল। অভিযোগ, প্রধান সুনীতা রায় চক্রবর্তী সভায় লিখিত হিসেব জমা না দিয়ে একটি তালিকা পড়েন। অর্থাৎ মৌখিক হিসাব পেশ করেন তিনি। লিখিতভাবে হিসেব জমা না পড়ায়, তার কপি পাননি উপস্থিত কোনও সদস্য। বিষয়টি একসময় গুঞ্জনের পর্যায়ে থাকলেও পরবর্তীতে তা নিয়ে প্রশ্ন তোলে প্রধান বিরোধী গোষ্ঠী। গত অর্থবর্ষে কী কী কাজ হয়েছে, তার তালিকা বা হিসেব পেশ করার দাবি করে তৃণমূলের একটি গোষ্ঠী। যা নিয়ে দুই পক্ষ কথা কাটাকাটিতে জড়িয়ে পড়ে।

প্রধানের বিরোধী হিসেবে পরিচিত অঞ্চল সভাপতি ধীরেশ রায়ের অভিযোগ, 'পঞ্চম অর্থ কমিশন, পঞ্চদশ অর্থ কমিশন সহ আয়ব্যয়ের পূর্ণাঙ্গ তালিকা চাওয়ার পরেও প্রধান দিতে পারেননি। ঘটনায় কোনও অস্বচ্ছতা আছে কি না, তার তদন্ত হওয়া দরকার।' প্রধানের বক্তব্য, 'অ্যাজেন্ডায় যা ছিল, এদিনের মিটিংয়ে তা প্রকাশ করা হয়েছে। অন্য যেসব তথ্য জানতে চাওয়া হয়েছিল, তা আগাম জানানো হয়নি। কিছু জানতে হলে আমাকে আলাদা করে বললে সেসব জানিয়ে দেওয়া হবে।' কেন আলাদা করে চেয়ে নিতে হবে, প্রতিবাদ করেন অনেকেই। কাজিয়ায় জড়িয়ে পড়ে দুই গোষ্ঠী। প্রধান, ধীরেশ, সুপ্রিয়া বিশ্বাস, সঞ্জয় বিশ্বাসদের বাদানুবাদে তপ্ত হয়ে ওঠে বোর্ড সভা। পরিস্থিতি সামাল দেন প্রাক্তন প্রধান ও বর্তমান অম্বিকানগরের একটি আসনের পঞ্চায়েত সদস্য তপন সিংহ। তিনি বলেছেন, 'বিরোধীরা কোনও অভিযোগ করছে না। পরিবর্তে আমাদের লোকেরাই এতসব অভিযোগ তুলছে। এসব বন্ধ হওয়া দরকার।'

কিন্তু কেন বিরোধীরা বোর্ড সভায় চুপ করে থাকেন? প্রশ্ন রয়েছে ফুলবাড়িতে। বিরোধী দলনেত্রী বিজেপির আন্না সরকারকে টেলিফোনে পাওয়া যায়নি। পরিবর্তে দলের পঞ্চায়েত সদস্য দয়াল রায় বলেন, '৩০ জনের বোর্ডে আমাদের সদস্য সংখ্যা মাত্র ছয়। শাসকদলের নেতারা আমাদের কোনও তথ্য জানান না। হয়তো ওঁদের গোপন হিসেব রয়েছে। সে কারণে নিজেদের মধ্যে এত ঝামেলা।'

**ফুলবাড়ি-১**

> পঞ্চম অর্থ কমিশন, পঞ্চদশ অর্থ কমিশন সহ আয়ব্যয়ের পূর্ণাঙ্গ তালিকা চাওয়ার পরেও প্রধান দিতে পারেননি। ঘটনায় কোনও অস্বচ্ছতা আছে কি না, তার তদন্ত হওয়া দরকার।
>
> **ধীরেশ রায়** *অঞ্চল সভাপতি, তৃণমূল কংগ্রেস*

> অ্যাজেন্ডায় যা ছিল, এদিনের মিটিংয়ে তা প্রকাশ করা হয়েছে। অন্য যেসব তথ্য জানতে চাওয়া হয়েছিল, তা আগাম জানানো হয়নি। কিছু জানতে হলে আমাকে আলাদা করে বললে সেসব জানিয়ে দেওয়া হবে।
>
> **সুনীতা রায় চক্রবর্তী** *প্রধান, ফুলবাড়ি-১ গ্রাম পঞ্চায়েত*

# ট্র্যাকের পাশে গাড়িতে ধাক্কা টয়ট্রেনের

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** পাহাড় পথে বিপদ যেন পিছু ছাড়ছে না খেলনাগাড়ির! চলাচলেও ঘটছে বিঘ্ন।

গত সপ্তাহে সুকনার কাছে ইঞ্জিন লাইনচ্যুত হওয়ার পর মঙ্গলবার সকালে ঘুম থেকে দার্জিলিং ফেরার পথে ট্র্যাকের ধারে দাঁড় করিয়ে রাখা একটি গাড়িতে ধাক্কা মারে টয়ট্রেন। ডালির কাছে মেরিভিলায় এদিন দুর্ঘটনাটি ঘটে। তবে হতাহতের কোনও খবর মেলেনি। পরে গাড়িটি সরিয়ে নিলে পরিস্থিতি স্বাভাবিক হয়। এর আগেও দার্জিলিং স্টেশনের কাছে পার্কিং প্লাজার সামনে একইভাবে দুর্ঘটনার কবলে পড়েছিল টয়ট্রেন। কিন্তু লাইনের ধারে গাড়ি দাঁড় করিয়ে রাখার বিরুদ্ধে রেল কেন কোনও কড়া পদক্ষেপ করছে না, তা নিয়ে উঠছে প্রশ্ন।

গত সপ্তাহে সুকনার কাছে লাইনচ্যুত হয়ে রাস্তার ধারে উলটে পড়েছিল টয়ট্রেনের ইঞ্জিন। ইঞ্জিনটি ট্রায়াল রানের জন্য কার্সিয়াংয়ে পাঠানো হচ্ছিল সেদিন। মাঝপথে ঘটে বিপত্তি। এরপর তদন্ত শুরু হয়। প্রাথমিক তদন্তে উঠে আসে, রক্ষণাবেক্ষণ ঠিকমতো হয়নি।

## সাসপেন্ড সুপারভাইজার

টয়ট্রেনের ইঞ্জিন লাইনচ্যুত হওয়ার ঘটনায় এবারে কর্তব্যরত সুপারভাইজারকে সাসপেন্ড করল রেল। শিলিগুড়ি জংশন ডিজেল শেডের রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা সুপারভাইজার পিকে সিংকে সাসপেন্ড করে বিভাগীয় তদন্ত শুরু হয়েছে। সূত্রের খবর, তদন্তে সুপারভাইজারের ভুল পাওয়া গিয়েছে। এরপরই তাঁকে সাসপেন্ড করা হল।

দার্জিলিং হিমালয়ান রেলওয়ের (ডিএইচআর) ডিরেক্টর ঋষভ চৌধুরীর বক্তব্য, 'প্রাথমিকভাবে একজনকে সাসপেন্ড করা হয়েছে। তবে বিভাগীয় তদন্ত চলছে। পরবর্তীতে যদি দেখা যায় সুপারভাইজারের কোনও দোষ নেই তবে তাঁর সাসপেনশন তুলে নেওয়া হবে।' কিছুদিন আগেই পার্লামেন্টের রেলওয়ে স্ট্যান্ডিং কমিটি ডিএইচআর সেকশন পরিদর্শনে এসেছিল। কমিটির সদস্যরা এসে রক্ষণাবেক্ষণের ওপর জোর দিতে বলেছিলেন। তবুও কেন এই ধরনের ঘটনা ঘটল, তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করে। এরপর তড়িঘড়ি সুপারভাইজারকে সাসপেন্ড করা হল।

## কম্পিউটার রুমে এসি

**ফাঁসিদেওয়া, ২৯ এপ্রিল :** মুরালীগঞ্জ হাইস্কুলের কম্পিউটার রুমে আড়াই টন ক্ষমতাসম্পন্ন এসি বসানো হল। মঙ্গলবার এসজেডিএ বোর্ড মেম্বার কাজল ঘোষ সেটির উদ্বোধন করেছেন। পরবর্তীতে স্কুলের অন্য ঘরেও এসি বসানোর পরিকল্পনা রয়েছে। প্রধান শিক্ষক সামসুল আলম বলেন, 'সকলে পাশে রয়েছেন বলেই এই উদ্যোগ সম্ভবপর হল। গরমকালে বেসরকারি স্কুলের মতোই আমাদের স্কুলের পড়ুয়ারাও আরামে ক্লাস করতে পারবে।' স্কুলের তরফে অকল্পনীয় উদ্যোগ নেওয়া হয়েছে বলে মন্তব্য করেন কাজল।

## বালি খাদানে অভিযান

**চোপড়া, ২৯ এপ্রিল :** হাপতিয়াগছ ও সোনাপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় অবৈধ বালি খাদানে অভিযান চালাল পুলিশ। মঙ্গলবার বিকেলে চোপড়া থানার আইসি সুরজ থাপার নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী এই অভিযান চালায়। তবে গ্রেপ্তারির কোনও খবর নেই। অবৈধ খাদানের মালিকদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ।

শিলিগুড়িতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেই চলেছে। একদিকে ভস্মীভূত গেরস্ত বাড়ি, অন্যদিকে ভাঙাড়ির গোডাউনে অগ্নিনির্বাপণের কোনও ব্যবস্থা নেই।

# নোটিশের তোয়াক্কা নেই

## ভাঙাড়ি গোডাউন চলছেই

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** মাস দুয়েক আগে পুরনিগমের ৪২ নম্বর ওয়ার্ডে এক ভাঙাড়ি গোডাউনে বিধ্বংসী অগ্নিকাণ্ডের পরেও হুঁশ ফিরল না প্রশাসনের। ঘটনার পর পুর প্রশাসনের তরফে এলাকায় থাকা অন্য গোডাউনগুলি সার্ভে করার পর নোটিশ দেওয়া হয়েছিল। তবে বাস্তবে পরিস্থিতির পরিবর্তন হয়নি। এমনকি একটি গোডাউন থেকে মালপত্র সরিয়ে নেওয়ার নোটিশ দেওয়া হলেও সেই গোডাউনজুড়ে দেদার ব্যবসা চলছে। এই পরিস্থিতিতে পুর প্রশাসনের নজরদারি নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন উঠতে শুরু করেছে।

পুরনিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকার অবশ্য বলছেন, 'কয়েকটি গোডাউনের বিরুদ্ধে আমাদের কাছে অভিযোগ রয়েছে। নির্দিষ্ট সময় দেওয়া হয়েছে। সেই সময়সীমা পেরিয়ে গেলেই ওই গোডাউনগুলির ব্যবসায়ীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে।'

যদিও এই ধরনের ভাঙাড়ির ব্যবসার পিছনে রাজনৈতিক মদত রয়েছে বলে ক্ষোভ প্রকাশ করছেন এলাকার সাধারণ মানুষ। এক স্থানীয় বাসিন্দা পরিতোষ দাস বলেন, 'মাস দুয়েক আগেই যেভাবে ভাঙাড়ির গোডাউনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছিল, সেই কথা আমাদের মনে আছে। এরপরেও গোডাউনগুলিতে ব্যবসা চলছে। ফলে এর পিছনে রাজনৈতিক মদত স্পষ্ট।'



শিলিগুড়িতে ভাঙাড়ির গোডাউন। - সংবাদচিত্র

আরেক বাসিন্দা প্রসেনজিৎ সরকার এ ব্যাপারে প্রশাসনের কড়া ব্যবস্থা নেওয়ার দাবি তুলেছেন। তাঁর মতে, 'শুধুমাত্র নোটিশ কিংবা হুঁশিয়ারি দিলে সমস্যার সমাধান হবে না।' শহর শিলিগুড়িজুড়ে বিশেষ করে বস্তি এলাকায় ভাঙাড়ির গোডাউনগুলি বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। পুরনিগমের ৭ নম্বর ওয়ার্ড থেকে শুরু করে ৪২ ও ৪৩ নম্বর ওয়ার্ডজুড়ে একের পর এক গোডাউন রয়েছে। এরমধ্যেই গত ১৩ মার্চ একটি গোডাউনে বিধ্বংসী অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এমনকি গোডাউন সংলগ্ন একটি বাড়িও ক্ষতিগ্রস্ত হয়েছিল।

এরপরই পুরনিগমের তরফে ওই এলাকায় থাকা ভাঙাড়ির গোডাউনগুলিতে একটি বিশেষ সমীক্ষা করা হয়। অগ্নিনির্বাপণ ব্যবস্থা সহ সমস্ত নিরাপত্তা সংক্রান্ত বিষয় খুঁটিনাটি দেখে নেওয়া হয়। সেই সূত্রেই চলতি মাসের মাঝামাঝি সময় এলাকার একটি গোডাউনে নোটিশও দেওয়া হয়েছিল।

নোটিশে ওই গোডাউনে যাবতীয় কাজ বন্ধ করার পাশাপাশি দ্রুত সব জিনিসপত্র সরিয়ে দেওয়ার নির্দেশও দেওয়া হয়। যদিও সম্প্রতি সেই গোডাউনের সামনে যেতেই দেখা গেল, দিব্যি সেখানে ব্যবসা চলছে। গোডাউনের ভিতরে ভাঙাড়ির স্তূপ। কেন এখনও সব সামগ্রী সরানো হয়নি? প্রশ্ন করতেই ওই গোডাউনের মালিক অরুণ মাহাতো বললেন, 'কিছুদিনের মধ্যেই সরিয়ে দেব।'

# পুড়ে ছাই ঘর, হুড়োহুড়ি কুলিপাড়ায়

## বিদ্যুতের তার ছিঁড়ে বিপত্তি


**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** প্রদীপের শিখা থেকে ছড়াল আগুন। এতটাই ছড়াল যে, একটা ঘর পুড়ে ছাই হয়ে গেল। আগুন নিয়ন্ত্রণে আনতে গিয়ে বাড়ির বিদ্যুতের মূল তার ছিঁড়ে যাওয়ায় হুলুস্থুল কাণ্ড ঘটল শিলিগুড়ির ১ নম্বর ওয়ার্ডের কুলিপাড়ায়। ঝুলন্ত তার থেকে বাঁচতে গিয়ে পড়ে যান স্থানীয় বাসিন্দারা। বাদ যাননি ওয়ার্ড কাউন্সিলার সঞ্জয় পাঠকও। ভিড়ের মধ্যে তিনিও পড়ে যান। তাঁর বক্তব্য, 'ভাগ্য ভালো, পদপিষ্ট হয়ে মৃত্যুর কোনও ঘটনা ঘটেনি।'

মঙ্গলবার সকাল ১০টা নাগাদ অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে। কুলিপাড়ার ওই বাড়িতে দুটো ঘর রয়েছে। দুই ভাই তাঁদের পরিবার নিয়ে এক একটি ঘরে বসবাস করেন। স্থানীয় বাসিন্দা কৌশল্যা কামতি বলেন, 'ওই বাড়ির এক ভাইয়ের বৌ মমতা এদিন বেরোনোর সময় ঘরের সামনে প্রদীপ জ্বালিয়ে চলে যান। পাশের ঘরে ছিল তাঁর ১১ বছরের ছেলে।' কৌশল্যার দাবি, কিছুক্ষণ পরেই তিনি দেখেন ওই ঘরে দাউদাউ করে আগুন জ্বলছে। ধীরে ধীরে গোটা ঘরে ছড়িয়ে পড়ে আগুন।

ছেলেটি চিৎকার শুরু করে। ছুটে আসেন স্থানীয়রা। আগুন নেভানোর চেষ্টা শুরু করেন তাঁরা। খবর দেওয়া হয় দমকলে। দমকলের দুটি ইঞ্জিন পৌঁছে আগুন নেভানোর চেষ্টা করছিল। এরই মাঝে ঘটে বিপত্তি। ছিঁড়ে যায় তার। হুড়োহুড়িতে পড়ে যান অনেকে। পরে বিদ্যুৎ বিভাগের কর্মীরা এসে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করেন। আগুন ততক্ষণে নিয়ন্ত্রণে আসে। ফিরে এসে ঘরের অবস্থা দেখে কান্নায় ভেঙে পড়েন মমতা। ক্ষয়ক্ষতির পরিমাণ প্রচুর।



কুলিপাড়ায় ভস্মীভূত ঘর।



**ছোট্ট তারা**

জগদীশ বিদ্যাপীঠের ছাত্র আয়ুস পাল ছবি আঁকতে ভালোবাসে। চতুর্থ শ্রেণির এই ছাত্রের আগ্রহ দেখে খুশি স্কুলের শিক্ষকরা।



মঙ্গলবার শিলিগুড়ি কলেজে মঞ্চ মাতাচ্ছেন সারেগামাপা খ্যাত অ্যালবার্ট কাবো লেপচা। ছবি : সূত্রধর

# স্মৃতির অ্যালবাম

## হিলকার্ট রোডে ছুটছে টয়ট্রেন

ফোটো অ্যালবাম মানেই নানা স্মৃতি। পুরোনো বহু গল্প। হঠাৎ কিছু মনে করে খিলখিলিয়ে হেসে ওঠা। আবার কখনও গিয়েছে যে দিন সেই দিনের আলোচনা করা। এক কথায় অনেক স্মৃতি, অনেক ইতিহাস, অনেক আবেগ, অনেক গল্প জড়িত থাকে অ্যালবামের পাতায় পাতায়। শিলিগুড়ির পুরোনো দিনের অ্যালবামের পাতা নিয়ে আলোকপাত করলেন **প্রিয়দর্শিনী বিশ্বাস**

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** প্রযুক্তির অগ্রগতিতে অ্যালবাম এখন ফোল্ডার হয়ে উঠেছে ডেস্কটপ, ল্যাপটপ বা সোশ্যাল সাইটগুলোতে। তবে কখনও ভেবে দেখেছেন কি মেশিন বা প্রযুক্তির গড়বড়ে কখনও যদি সেগুলো এক্কেবারে উবে যায় তাহলে কী করবেন? সেই স্মৃতি তাহলে একদিন অতলে তলিয়েই যাবে। মনের মধ্যে আবছা কিছু থেকে গেলেও চোখের সামনে সে আর এক্কেবারে এসে কখনও ধরা দেবে কি? বর্তমানে অ্যালবাম বলতে বিয়ে, মুখেভাত এমন কিছু অনুষ্ঠানের বড় দামি অ্যালবাম। সেখানে আর অন্য কোনও ছবি উঁকি দেয় না।

এ শহরে অনেকের কাছেই এমন অনেক পুরোনো অ্যালবাম যার পাতা ওলটালেই দেখতে পাবেন, হিলকার্ট রোড দিয়ে ছুটে চলেছে কু-ঝিকঝিক খেলনা গাড়ি। আর শিলিগুড়ি শহরের বহু পুরোনো মানুষ গৌরীশংকর ভট্টাচার্যের অ্যালবামে রয়েছে এমন কিছু ছবি যা নির্ঘাত বলে দেবে শহরের পুরোনো কিছু কথা। ৮০-এর দশকের শেষে বা ৯০-এর দশকের প্রথমদিকের এমন ছবি রয়েছে যা শিলিগুড়ির সেই সময়ের রাস্তাঘাট, ঘরবাড়ি, পরিবেশ, মানুষের



আদব-কায়দা জানান দেবে। তাঁর অ্যালবামে এমন ছবিও আছে যেখানে দেখা যাচ্ছে শিলিগুড়ি শহরে এসেছেন জওহরলাল নেহরু, ইন্দিরা গান্ধি, রাজীব গান্ধি। সেই সময়ের বাগডোগরা প্লেনঘাঁটির সামনে তোলা ছবি। এই ছবি জানান দেবে শহরের বহু গল্প।

একইরকমভাবে শহরের প্রবীণ বাসিন্দা সুজিত রাহার অ্যালবামেও রয়েছে অনেক ছবি। বর্তমান শিলিগুড়ি পুরনিগমের শুরুর দিনের ছবি রয়েছে তার অ্যালবামে। তখন অবশ্য তা পুরনিগম ছিল না, পুরসভা ছিল। তখন তা ছিল একতলা ঘর। হিলকার্ট রোডের ১০তলা নীলাদ্রিশেখর বিল্ডিং ১৯২৫ সালে ছিল কাঠের দোতলা। ১৯০৯ সালের মিত্র সম্মিলনীর আড্ডার ছবিও রয়ে গিয়েছে তাঁর অ্যালবামে। সেই সময় এই ভবন ছিল কাঠের। মহানন্দা সেতু একসময় ছিল কাঠের পুল। সেই ছবিও রয়েছে অ্যালবামে।

এই স্মৃতিবিজড়িত ছবিগুলো দেখলেই এক লহমায় তাঁরা ফিরে যান পুরোনো সেই দিনগুলিতেই। আর নতুনরা কল্পনায় এঁকে নেয় পুরোনো এক শহরের ছবি যা আজকের শহরের সঙ্গে কোনওভাবেই মেলানো যায় না।

সেইসময় এই ছবিগুলোকে অ্যালবামবন্দি করা হয়েছিল বলেই হয়তো আজও কেউ কেউ তাঁদের কাছে গিয়ে ছবিগুলো দেখার আগ্রহ প্রকাশ করতে পারে।

তবে আজকের শহর বা শহরে আসা বিশিষ্ট মানুষদের ছবি ধরা থাকে স্মার্টফোন বা সোশ্যাল মিডিয়াতেই। যার স্থায়িত্ব সারা জীবন কি না যেটা কেউ বলতে পারে না।

শহরেরই এক বাসিন্দা অনীতা চৌধুরীর কথায়, 'ফোটো অ্যালবাম এখন সত্যিই অতীত। বাড়িতে কেউ এলে একসঙ্গে বসে অ্যালবাম দেখার যে উৎসাহ ছিল, তাতেও এখন ভাটা পড়েছে অনেক। এখন অ্যালবাম বলতে বিয়ে, মুখেভাত এইসব অনুষ্ঠানগুলোতে আলাদা করে অ্যালবাম তৈরি হয়। এই দুই অ্যালবামে এখন বিস্তর ফারাক।'

কলেজ পড়ুয়া হিমাদ্রি পালের কথায়, 'সময়ের সঙ্গে সবই তো বদলায়। এটাও সেই নিয়মেই বদলেছে। এখন ছবি দেখতে হলে সোশ্যাল মিডিয়ার অ্যাকাউন্টগুলোতে গিয়ে যে কেউ যখন তখন ছবি দেখে নিতে পারে।'

এভাবেই স্মৃতির আড়ালে একটু একটু করে চলে যাচ্ছে পুরোনো ছবির ফোটো অ্যালবাম। যাঁদের কাছে এখন রয়ে গিয়েছে তাঁরাই এখনও রেখে দিয়েছেন। ভবিষ্যতে আর কেউ ফোটো অ্যালবাম হয়তো রাখবেনই না। এভাবেই হয়তো একদিন হারিয়ে যাবে অ্যালবাম।

## কাশ্মীর নিয়ে বামেদের প্রতিবাদ

**শিলিগুড়ি ও ইসলামপুর, ২৯ এপ্রিল :** পহলগামে সন্ত্রাসবাদী হামলার প্রতিবাদে এবং সাধারণ মানুষের নিরাপত্তার দাবিতে পথে নামল সিপিএম। মঙ্গলবার দলের দার্জিলিং জেলা কমিটির তরফে অনিল বিশ্বাস ভবনের সামনে থেকে মিছিল বের করা হয়। মিছিলে ছিলেন অশোক ভট্টাচার্য, জীবেশ সরকার প্রমুখ। মিছিলটি এয়ারভিউ মোড়, সেবকরোড হয়ে ফের দলীয় কার্যালয়ের সামনে এসে শেষ হয়।

একই ইস্যুতে পথে নামে এসইউসিআই। মিছিলে ছিলেন দলের জেলা সম্পাদক গৌতম ভট্টাচার্য, তন্ময় দত্ত প্রমুখ।

অন্যদিকে, দলের পক্ষ থেকে ইসলামপুরেও একটি মিছিল হয়। মিছিল শেষে পুরাতন বাসস্ট্যান্ডে পথসভার আয়োজন করা হয়। দাবি পূরণ না হলে পথসভায় সংগঠনের পক্ষ থেকে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

## পাতিকলোনিতে ভ্রূণ উদ্ধার

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** মঙ্গলবার পাতিকলোনি ওভারব্রিজের নীচে একটি ভ্রূণ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। এদিন দুপুরের দিকে বিষয়টি প্রথমে স্থানীয়দের নজরে আসে। এরপর প্রধাননগর থানার পুলিশ এসে ভ্রূণটি উদ্ধার করে। যদিও ওই ভ্রূণ মানুষের নাকি কোনও পশুর তা নিয়ে ধন্দ তৈরি হয়েছে। প্রধাননগর থানার আইসি বাসুদেব সরকার বলেন, 'ভ্রূণটি হয়তো কেউ ফেলে দিয়ে চলে গিয়েছে। তবে সেটা কীসের আমরা তদন্ত করে দেখছি।' ভ্রূণটি পরীক্ষার জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে।

## স্মারকলিপি

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** প্রাথমিক ও উচ্চপ্রাথমিক স্তরে কর্মরত পার্শ্বশিক্ষকদের বেতন বৃদ্ধির দাবিতে মঙ্গলবার এবিটিএ ও এবিপিটিএ'র তরফে শিলিগুড়ি মহকুমা শাখার সমগ্র শিক্ষা অভিযানের এডুকেশন অফিসারকে স্মারকলিপি দেওয়া হয়। বেতন বৃদ্ধির পাশাপাশি পার্শ্বশিক্ষক-শিক্ষিকাদের সিসিএল, সার্ভিস বুক চালু সহ স্কুলের পরিচালন সমিতি এবং কর্মী সংসদে অন্তর্ভুক্তির দাবি জানানো হয়। দাবির সমর্থনে শিলিগুড়ি মহকুমা পরিষদের দপ্তরের সামনে বক্তব্য রাখেন এবিটিএ'র জেলা সম্পাদক বিদ্যুৎ রাজগুরু, মহকুমা সম্পাদক দীনেশ মণ্ডল, এবিটিএ'র জেলা পার্শ্বশিক্ষক অরুণ পাল, এবিপিটিএ'র সম্পাদক নব চন্দ দেব প্রমুখ।

## দেহ উদ্ধার

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** মঙ্গলবার সকালে জংশন এলাকায় এক ব্যক্তির দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। স্থানীয় সূত্রে খবর, ওই ব্যক্তি রাস্তার ধারে পড়ে ছিলেন। এরপর স্থানীয়রা খবর দেন প্রধাননগর থানায়। পুলিশ এসে দেহ উদ্ধার করে শিলিগুড়ি জেলা হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। মৃতের নাম রবীন্দ্র দত্ত, ফাঁসিদেওয়ার ময়লানিজোত সংলগ্ন এলাকার বাসিন্দা। পরিবার সূত্রে জানানো হয়েছে, এদিন সকালে তিনি জংশন এলাকায় কাজের সূত্রে এসেছিলেন। তবে কীভাবে তাঁর মৃত্যু হল, তা নিয়ে তদন্ত করছে পুলিশ।

# বিধানসভার আদলে পুরনিগমে সভাকক্ষ

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** রাজ্য বিধানসভা কক্ষের আদলে আধুনিক সুবিধাযুক্ত সভাকক্ষ তৈরি হচ্ছে শিলিগুড়ি পুরনিগমে। ইলেক্ট্রনিক ভোটিং ব্যবস্থা থেকে কাউন্সিলারদের টেবিলে মাইক্রোফোন, সমস্ত আধুনিক ব্যবস্থাই থাকছে নতুন সভাকক্ষে। কয়েক কোটি টাকা খরচ করে পুরনিগমের নতুন ভবনের পাঁচতলায় এই সভাকক্ষ তৈরি হচ্ছে। আগামীতে পুরনিগমের এলাকা বাড়বে ধরে নিয়ে নতুন সভাকক্ষে ৭০ জন কাউন্সিলারের বসার ব্যবস্থা করা হচ্ছে। ডেপুটি মেয়র রঞ্জন সরকার বলেছেন, 'পুজোর আগেই অত্যাধুনিক সভাকক্ষটি চালু করার চেষ্টা চলছে। সম্ভবত রাজ্যের অন্য কোনও পুরনিগম বা পুরসভায় এমন আধুনিক সুবিধাযুক্ত সভাকক্ষ নেই।' তবে বর্তমান বোর্ডের এই উন্নয়নমূলক কাজেও খোঁচা দিতে ছাড়ছেন না বিরোধী দলনেতা বিজেপির অমিত জৈন। তাঁর বক্তব্য, 'কাউন্সিলাররা জনগণের সেবক। জনগণের উন্নয়নই আমাদের উন্নয়ন। তাই অত্যাধুনিক সভাকক্ষ না বানিয়ে আগে শহরের মানুষের উন্নয়নের কাজ করা উচিত। মানুষের পরিষেবাকে আগে আধুনিক করা উচিত।'

প্রায় ১০ কোটি টাকা খরচ করে পুরনিগমের নতুন ভবন তৈরির কাজ এখনও চলছে। মেয়র, চেয়ারম্যান, একাধিক মেয়র পারিষদ, কমিশনার, সচিবের কার্যালয় ইতিমধ্যেই নতুন ভবনে স্থানান্তরিত হয়েছে। তবে, ডেপুটি মেয়র সহ বেশ কয়েকজন মেয়র পারিষদ, কিছু আধিকারিক এবং বিরোধী দলনেতার অফিস পুরোনো ভবনেই রয়েছে। ঝাঁ চকচকে নয়া ভবনের পাঁচতলায় এবার অত্যাধুনিক সভাকক্ষ তৈরি হবে। যাকে 'কাউন্সিল হল' আখ্যা দেওয়া হয়েছে।

রাজ্য বিধানসভার সভাকক্ষের আদলে পুরনিগমের কাউন্সিল হল তৈরির কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে। এখানে মোট ১০৭ জনের বসার ব্যবস্থা থাকছে। এর মধ্যে কাউন্সিলারদের জন্য ৭০টি, সংবাদমাধ্যম সহ অন্যদের জন্য ৩০টি আসন থাকছে। পাশাপাশি আধিকারিকদের বসার জন্যও বাকি আসনগুলি রাখা হবে। পুরনিগমের মাসিক বোর্ড সভা, মেয়র পারিষদদের সভা থেকে শুরু করে অন্য বৈঠকগুলি এখানেই করা সম্ভব হবে। পুরনিগমে বর্তমানে দার্জিলিং জেলার ৩৩টি এবং সংযোজিত এলাকায় জলপাইগুড়ি জেলার ১৪টি ওয়ার্ড নিয়ে মোট ৪৭টি ওয়ার্ড রয়েছে। বর্তমান সভাকক্ষে গাদাগাদি করে কাউন্সিলারদের বসতে হয়। আগামীতে ডাবগ্রাম-ফুলবাড়ির কিছুটা অংশ, মাটিগাড়া ব্লকের মাটিগাড়া-১, চম্পাসারি পুরনিগমের সঙ্গে যুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। এই সংক্রান্ত প্রস্তাব ইতিমধ্যেই রাজ্যের কাছে গিয়েছে। কেননা, এই পুরো এলাকাটি গ্রাম পঞ্চায়েতের মধ্যে থাকলেও এখানে নগরায়ণের ছোঁয়া বেশ ভালোভাবেই পড়েছে। কাজেই পুরনিগমের এলাকা বাড়ছে এটা ধরে নিয়েই সভাকক্ষে কাউন্সিলারদের জন্য ২৩টি অতিরিক্ত আসন তৈরি করা হচ্ছে। প্রতিটি আসনে মাইক্রোফোন রাখার পাশাপাশি ইলেক্ট্রনিক ভোটিং সিস্টেম বসানো হচ্ছে।

ডেপুটি মেয়রের বক্তব্য, 'পুরনিগমের বাজেট, যে কোনও আইন প্রণয়ন থেকে শুরু করে বিভিন্ন ইস্যুতে আলোচনার সময় শাসক এবং বিরোধীদের মধ্যে বিতর্ক হয়। বিতর্ক নিরসনে ভোটাভুটি করতে হয়। আমাদের এখানে বর্তমানে হাত তুলে ভোটিংই বেশি হয়। কিন্তু নতুন কাউন্সিল হলে ইলেক্ট্রনিক ভোটিং সিস্টেম বসানো হচ্ছে। তাতে যে কোনও বিষয়ে কাউন্সিলাররা আসনে বসেই ইলেক্ট্রনিক মেশিনের মাধ্যমে ভোট দিতে পারবেন।'

**কাউন্সিল হল**

- ১০ কোটি টাকা খরচ করে নতুন ভবন তৈরি হচ্ছে
- এখানে মোট ১০৭ জনের বসার ব্যবস্থা থাকছে
- কাউন্সিলারদের জন্য ৭০টি, সংবাদমাধ্যম সহ অন্যদের জন্য ৩০টি
- পুরনিগমের এই ভবনের নাম দেওয়া হয়েছে কাউন্সিল হল

## আশায় প্রত্যুষা

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** মেয়রস কাপ খেলা ছাত্রীর ভবিষ্যৎ বাঁচাতে পদক্ষেপ মেয়র গৌতম দেবের। ইতিমধ্যেই শিলিগুড়ি গার্লস হাইস্কুল কর্তৃপক্ষের সঙ্গে এব্যাপারে কথা বলেছেন মেয়র। কাউন্সিলেও বিষয়টি নিয়ে যোগাযোগ করা হয়েছে। বুধবার জেলা বিদ্যালয় পরিদর্শকের কাছে বিষয়টি জানাবেন বলে গৌতম জানিয়েছেন। মেয়রের হস্তক্ষেপে অনেকটা স্বস্তি পেয়েছে খেলোয়াড়-পড়ুয়া প্রত্যুষা বিশ্বাস।

পুরনিগমের উদ্যোগে আয়োজিত মেয়রস কাপ ক্রিকেটে অংশ নিয়েছিল শিলিগুড়ি গার্লস হাইস্কুলের একাদশ শ্রেণির ছাত্রী প্রত্যুষা। যে কারণে একটি পরীক্ষা সে দিতে না পারায় পাশ করতে পারেনি।

## বরাদ্দের আশা

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** শিলিগুড়িতে মহানন্দা নদীর ধার দিয়ে বিকল্প রাস্তা তৈরির জন্যে রাইটসকে দিয়ে সমীক্ষা করিয়েছিল শিলিগুড়ি পুরনিগম। এরপরেই ডিপিআর তৈরি করে রাজ্য সরকারের কাছে পাঠানো হয়েছিল। কিন্তু সেই রাস্তার কাজের অনুমোদন এখনই মিলছে না বলে জানা গিয়েছে। খোদ পুরনিগমের মেয়র গৌতম দেব মঙ্গলবার বোর্ড মিটিংয়ে বিষয়টি জানিয়েছেন। তবে চলতি অর্থবর্ষে শিলিগুড়ির কাওয়াখালির ওপর ষষ্ঠ মহানন্দা সেতু তৈরির জন্যে আর্থিক বরাদ্দ আসতে পারে বলে জানিয়েছেন তিনি।

# নেতাজি গার্লসের ৪ পড়ুয়ার বৃত্তি

**তমালিকা দে**

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** সর্বভারতীয় স্তরের পরীক্ষার জন্য ছাত্রীদের প্রশিক্ষণ দিয়ে সাফল্য পেল শিলিগুড়ি নেতাজি গার্লস হাইস্কুল। ন্যাশনাল মিনস কাম মেরিট স্কলারশিপ পরীক্ষায় উত্তীর্ণ হল স্কুলের চারজন ছাত্রী। দীপিকা রায়, রত্না সরকার, জবা রায়, সৌমিলি রায়দের এমন ফলাফলে বেশি সংখ্যক পড়ুয়াকে প্রস্তুত করার সিদ্ধান্ত নিয়েছে স্কুলটি। ওরা যাতে রাজ্য ও জাতীয় স্তরের পরীক্ষাগুলো দিতে পারে, সেজন্য বিশেষ ক্লাস করানোর উদ্যোগ নিয়েছেন প্রধান শিক্ষিকা রুম্পা সাহা।

গতবছর ডিসেম্বর মাসে শিক্ষা দপ্তরের আয়োজনে আয়োজিত ন্যাশনাল মিনস কাম মেরিট স্কলারশিপ স্কিম (এনএমএমএসএস) পরীক্ষা আয়োজিত হয়। এই পরীক্ষার ফলাফল প্রকাশিত হলে দেখা যায়, নেতাজি গার্লস স্কুলের চার ছাত্রী পাশ করেছে। ছাত্রীদের এই সাফল্যে স্কুলের প্রধান শিক্ষিকা রুম্পা সাহা বলেন, 'এই পরীক্ষায় উত্তীর্ণ হওয়ায় ওরা দ্বাদশ শ্রেণি পর্যন্ত প্রতিবছর ১২ হাজার টাকা করে সরকারের তরফে স্কলারশিপ পাবে। পড়ুয়ারা যাতে বিভিন্ন রকমের পরীক্ষায় বসতে পারে, সেজন্য আমাদের স্কুলে বিশেষ ক্লাস করানো হয়ে থাকে।'

যে সমস্ত পরিবারের বার্ষিক আয় আড়াই লক্ষ টাকা পর্যন্ত এবং যারা সপ্তম শ্রেণিতে ৬০ শতাংশ (জেনারেল) পেয়ে উত্তীর্ণ হয়েছে শুধুমাত্র তারা এই পরীক্ষা দিতে পারে। এছাড়াও এসসি, এসটি ও ওবিসি পড়ুয়াদের জন্য রয়েছে বিশেষ ছাড়। স্কুলের পড়ুয়ারা যাতে এই ধরনের স্কলারশিপ পরীক্ষা পাশ করতে পারে সেজন্য স্কুলের তরফে প্রথমে যোগ্য পড়ুয়াদের খুঁজে বের করা হয়। তারপর তাদের দেওয়া হয় বিশেষ প্রশিক্ষণ। কীভাবে এই প্রশিক্ষণ চলে সে ব্যাপারে প্রশ্ন করলে প্রধান শিক্ষিকা জানান, যোগ্য পরীক্ষার্থীদের স্কুলে বিষয়ভিত্তিক শিক্ষিকারা বাড়তি ক্লাস করান। অনলাইনের মাধ্যমেও এই ক্লাস করানো হয়। সাফল্য পাওয়া জবা রায়ের বক্তব্য, 'স্কুল যে আমাদের কথা ভেবে এধরনের উদ্যোগ নিয়েছে, সেজন্য আমরা খুশি।'

**ন্যাশনাল মিনস কাম মেরিট স্কলারশিপ**

## বোর্ড সভায় কুকুর প্রসঙ্গ

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** শিলিগুড়িতে পথকুকুরদের দাপট নিয়ে বোর্ড সভায় সরব হলেন শিলিগুড়ি পুরনিগমের ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার মৌসুমি হাজরা। পথকুকুরের দৌরাত্ম্যে সাধারণ মানুষ অতিষ্ঠ বলে দাবি করেন তিনি। সঙ্গে দুটি উদাহরণও তুলে ধরেন। তাঁর এই মোশনের জবাব দিতে উঠে পরিবেশ বিভাগের মেয়র পারিষদ সিক্তা দে বসুরায় চিকিৎসক সমস্যার কথা স্বীকার করে নেন। তাঁর বক্তব্য, 'পুরনিগম পথকুকুরদের নির্বীজকরণের কাজ করে চলেছে। আগামী মাসেও নির্বীজকরণের কাজ হবে। পশুদের জন্য অত্যাধুনিক পশু হাসপাতাল তৈরি করেছে পুরনিগম।'

## বাইক মিছিল

**ইসলামপুর, ২৯ এপ্রিল :** দিঘায় জগন্নাথ মন্দিরের উদ্বোধনকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস মঙ্গলবার ইসলামপুরে বাইক মিছিলের আয়োজন করেছিল। তৃণমূল যুবর উত্তর দিনাজপুর জেলা সভাপতি কৌশিক গুণ শহরের বাইক মিছিলে নেতৃত্বে দেন। তিনি বলেন, 'একটি ঐতিহাসিক ঘটনা ঘটতে চলেছে। সবাইকে তা জানান দিতেই এদিন শতাধিক বাইক নিয়ে কর্মীরা মিছিলে শামিল হয়েছিলেন।' ব্লক তৃণমূল গ্রাম পঞ্চায়েত এলাকার কর্মীরা আরেকটি বাইক মিছিল করেন। ব্লক তৃণমূল সভাপতি জাকির হুসেন গ্রামাঞ্চলের বাইক মিছিলের নেতৃত্বে ছিলেন। তাঁর কথায়, '৫০০-রও বেশি বাইক নিয়ে দলের নেতা-কর্মীও সাধারণ মানুষ এই মিছিলে শামিল হন।'

## থানায় রক্তদান

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** মঙ্গলবার পুলিশের তরফে এনজেপি থানায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উদ্যোগের নাম দেওয়া হয় 'উৎসর্গ'। শিবিরে মোট ৫১ জন রক্তদান করেন। পুলিশকর্মীদের পাশাপাশি সাধারণ মানুষও রক্ত দেন। সংগৃহীত রক্ত উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে।

# ডেপুটির ঘরে দেড় লাখি এসি ঘিরে প্রশ্ন

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** দেড় লক্ষ টাকায় ডেপুটি মেয়রের জন্য দেড় টনের এসি কিনেছে শিলিগুড়ি পুরনিগম। মঙ্গলবার পুরনিগমের মাসিক বোর্ড সভায় ৪৩তম মেয়র পারিষদ বৈঠকের যে ফিরিস্তি দেওয়া হয়েছে, তাতে এমনই উল্লেখ রয়েছে। আর এমন বিষয়কে হাতিয়ার করে তৃণমূল পরিচালিত পুর বোর্ডকে চেপে ধরেছেন বিরোধীরা।

দেড় লক্ষ টাকায় কী এমন এসি কেনা হয়েছে, তা নিয়ে প্রশ্ন তোলেন সিপিএম পরিষদীয় দলের নেতা মুন্সি নুরুল ইসলাম। নুরুলের প্রশ্ন, 'ডেপুটি মেয়রের এসি লাগাতে দেড় লক্ষ টাকা খরচ হয়ে গেল?' তাঁর এই প্রশ্নের উত্তর দিতে গিয়ে অস্বস্তিতে পরে যান বিদ্যুৎ বিভাগের মেয়র পারিষদ কমল আগরওয়াল। প্রথমে মেয়র কমলকে উদ্দেশ্য করে জবাব দিতে বলেন। তখন কমল বলেন, 'এসির পাশাপাশি অনেক ওয়ারিংয়ের কাজ হয়েছে।' এরপর কমলকে সাপোর্ট দিয়ে মেয়র নুরুলকে উদ্দেশ্য করে বলেন, 'কী কী খাতে খরচ হয়েছে, তার হিসাব রয়েছে আমাদের কাছে। তা দিয়ে দেওয়া হবে।'

শিলিগুড়ি পুরনিগমের পুরানো বিল্ডিংয়ে থাকা ডেপুটি মেয়র রঞ্জন সরকারের ঘরের বাথরুম সহ এসি এবং বিদ্যুতের ওয়ারিং খারাপ হয়ে গিয়েছিল। তাই ভেটিং করে সমস্ত সংস্কারের কাজ শুরু করা হয়। ওই সময় একটি দেড় টনের এসিও কেনা হয়। সেই কাজের বিল পাশের জন্যে এদিন বোর্ড মিটিংয়ে পেশ করা হয়। ওই নথিতে স্পষ্টভাবে লেখা রয়েছে, শুধুমাত্র দেড় টনের এসি কেনা এবং ইনস্টলেশনের জন্য প্রয়োজনীয় বৈদ্যুতিক কাজের স্বার্থে দেড় লক্ষ টাকা বরাদ্দ করা হল। এই বিষয়টি নিয়েই প্রশ্ন উঠতে শুরু করেছে। সভা শেষে চেয়ারম্যান প্রতুল চক্রবর্তী যখন এই প্রস্তাব পাশ করার জন্য বোর্ডের অনুমতি চান, তখনই বিরোধীরা বিষয়টি নিয়ে পুরবোর্ডকে চেপে ধরে। বিরোধীদের চাপের মুখেই হকচকিয়ে যান মেয়র পারিষদ কমল।

**বিরোধী খোঁচায় অস্বস্তি শাসক তৃণমূলে**

## দূষণ ঠেকাতে শিলিগুড়িতে নদী উৎসব

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** নদী বাঁচাতে এবার 'নদী উৎসব' করবে শিলিগুড়ি পুরনিগম। শহরের কয়েকটি দূষিত নদীর ধারে মঞ্চ বানিয়ে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে হবে উৎসব। মঙ্গলবার শিলিগুড়ি পুরনিগমের বোর্ড সভা থেকে এই ঘোষণা করেছেন মেয়র গৌতম দেব। মহানন্দা সহ বিভিন্ন দূষিত নদীকে বাঁচাতে মহানন্দা অ্যাকশন প্ল্যান দ্রুত বাস্তবায়িত করার প্রস্তাব বোর্ড সভায় রাখে বিরোধীরা। সিপিএম নেতা শরদিন্দু চক্রবর্তী বিষয়টি নিয়ে প্রশ্নও তোলেন। তারই প্রত্যুত্তরে এদিন মেয়র নদী উৎসবের বিষয়টি জানান।

গৌতমের বক্তব্য, 'নদীকে ঘিরে উৎসব হবে। এসব দেখে মানুষের মধ্যে একটা সচেতনতা আসবে।' পরিবেশপ্রেমী অনিমেষ বসুর বক্তব্য, 'পুরনিগমের এই উদ্যোগকে সাধুবাদ জানাই। পাশাপাশি পুরনিগমকে নদীর দূষণ ঠেকানোর বিষয়টিও মাথায় রাখতে হবে।' মহানন্দা বাঁচাও কমিটির পক্ষে জ্যোৎস্না আগরওয়ালের বক্তব্য, 'আগে মহানন্দা অ্যাকশন প্ল্যান চালু করে তারপর নদী উৎসব করলে আরও ভালো হবে।'

পুরনিগম সূত্রে জানা গিয়েছে, মহানন্দা, জোড়াপানি, ফুলেশ্বরীকে বাঁচাতে নদীর ধারে মঞ্চ বেঁধে অনুষ্ঠান করা হবে। যাঁরা নদী কিংবা পরিবেশ নিয়ে কাজ করেন, তাঁদের অংশগ্রহণে দেওয়া হবে সচেতনতার বার্তা।

# ঝামেলা মেটাতে গিয়ে সমস্যায় তরুণ

**মিঠুন ভট্টাচার্য**

**শিলিগুড়ি, ২৯ এপ্রিল :** এলাকার দুজনের গণ্ডগোল থামাতে গিয়ে বিপাকে পড়তে হল এক তরুণকে। অভিযোগ পৌঁছেছে পুলিশেও। যে কারণে চিন্তায় ঘুম উড়েছে শিলিগুড়ি পুরনিগমের ৩৭ নম্বর ওয়ার্ডের মধ্য চয়ণপাড়ার বাসিন্দা বিধান সাহার। বিধানের দাবি, 'আমি কাউকে মারিনি। কোনও পক্ষপাতও করিনি। দুজন মারামারি করছিল, আমি ছাড়িয়ে দিয়েছি মাত্র। তবুও কেন আমার নামে অভিযোগ করা হয়েছে জানি না।' ২৬ এপ্রিল একটি ঘটনার জেরে এমন পরিস্থিতি।

যদিও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মধ্য চয়নপাড়াতে যে গণ্ডগোলকে কেন্দ্র করে বিধানের নাম জড়িয়েছে, সেখানকার দুই পরিবারের ঝামেলা নতুন নয়। প্রতিবেশী লিটন দাস ও শুভাশিস মণ্ডলের পরিবারের মধ্যে কোনও বনিবনা নেই। বরং প্রায় সময় গণ্ডগোলে জড়ায় দুই পরিবার। ২৬ এপ্রিল সিসিটিভি বসানোকে কেন্দ্র করে লিটন ও শুভাশিসের মধ্যে মারামারির ঘটনা ঘটে। সেই সময় রাস্তা দিয়ে যাচ্ছিলেন বিধান। প্রতিবেশী দুজনকে মারামারি করতে দেখে তিনি দুজনকেই ছাড়িয়ে দেওয়ার চেষ্টা করেন। সেই ঘটনাকে কেন্দ্র করে দুই পক্ষ একে অপরের বিরুদ্ধে অভিযোগ নিয়ে আশিঘর পুলিশ ফাঁড়িতে হাজির হয়। মারামারিতে জখম হয়ে লিটন ও শুভাশিস দুজনকেই ভর্তি হতে হয় শিলিগুড়ি জেলা হাসপাতালে। মঙ্গলবার লিটনের স্ত্রী ডালমি দাস বলেন, 'আমাদের বাড়িতে সিসি ক্যামেরা বসাতে বাধা দিচ্ছিল শুভাশিস। সেই নিয়ে ঝামেলার সূত্রপাত। আমরা প্রথমে শুনেছিলাম মারামারিতে বিধান সহযোগিতা করেছে। কিন্তু পরবর্তীতে জানতে পারি বিধান আমার স্বামীকে মারধর করেনি।' বিধানের প্রসঙ্গে একই কথা জানান শুভাশিস। তিনি বলেন, 'বিনা কারণে বিধানকে বদনাম করা হয়েছে।' পাশাপাশি লিটনের পরিবারের দিকে একগুচ্ছ অভিযোগ করেন শুভাশিস। তাঁর বক্তব্য, 'এলাকায় বাড়ি তৈরির সময় থেকে বিভিন্নভাবে লিটনের জন্য আমাদের অসুবিধা হচ্ছে। নিজের বাড়িতে সে সিসি ক্যামেরা বসাতেই পারে। কিন্তু আমার শোয়ার ঘরের দিকে সিসি ক্যামেরার মুখ করার কোনও মানে হয় না। এর প্রতিবাদ করতেই লিটন রাস্তায় আমাকে আক্রমণ করে।' পুলিশের তরফে তদন্ত চলছে বলে জানানো হয়েছে। আশিঘর ফাঁড়ির এক আধিকারিক বলেন, 'দুই পক্ষই জখম হয়েছে। একে অপরের বিরুদ্ধে অভিযোগও জানিয়েছে। দুজনকেই বোঝানো হয়েছে। এরপর কেউ গণ্ডগোল করলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।'



